



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌপরিবহন অধিদপ্তর
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬



তারিখঃ ১০.০২.২০২৬

অপেক্ষমান তালিকা হতে মেধা ও পছন্দক্রম অনুসারে সরকারি মেরিন একাডেমিসমূহের শূন্য আসন পূরণের ফলাফল:

1. Bangladesh Marine Academy, Pabna	
Male	12111, 11463 = 2 জন
2. Bangladesh Marine Academy, Barishal	
Male	11215, 12800, 11321, 10848 = 4 জন
3. Marine Fisheries Academy, Chattogram	
Male	11430, 10529, 12484 = 3 জন

২। শূন্য আসন এর বিপরীতে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত প্রার্থীদের চক্ষু (কালার ভিশন ও ল্যান্টার্ন) পরীক্ষা ও মনোবৈজ্ঞানিক পরীক্ষার নির্দেশনা:

- (ক) সরকারি মেরিন একাডেমিসমূহে শূন্য আসন এর বিপরীতে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত ক্যাডেটদের চক্ষু পরীক্ষা (কালার ভিশন ও ল্যান্টার্ন) ও মনোবৈজ্ঞানিক পরীক্ষা আগামী ১৫.০২.২০২৬ তারিখে নৌপরিবহন অধিদপ্তর, এফ-১২/সি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ সকাল ০৯:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
- (খ) চক্ষু (কালার ভিশন ও ল্যান্টার্ন) এবং মনোবৈজ্ঞানিক পরীক্ষার ফি ১৪০০ (এক হাজার চারশত) টাকা (চার্জ ব্যতীত), ওয়েবসাইট (dos.gov.bd অথবা doscadet.solutionart.net) এর মাধ্যমে লগইন করে প্রদান করতে হবে এবং ফি প্রদানের রশিদ সঙ্গে আনতে হবে।

৩। শূন্য আসন এর বিপরীতে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত এবং চক্ষু (কালার ভিশন ও ল্যান্টার্ন) পরীক্ষা ও মনোবৈজ্ঞানিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তির নির্দেশনা:

ক্যাডেটদের জন্যঃ

- (ক) সরকারি মেরিন একাডেমিসমূহে শূন্য আসন এর বিপরীতে অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য নির্বাচিত এবং চক্ষু ও মনোবৈজ্ঞানিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ আগামী ১৫/০২/২০২৬ হতে ২৪/০২/২০২৬ তারিখের মধ্যে স্ব স্ব একাডেমির নির্দেশনা মোতাবেক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার (শারীরিক বিকৃতি, Squint, তোতলামি, ডোপ, শ্রবণ শক্তি, CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE For DA Health Screening Profile) জন্য নির্বাচিত স্ব স্ব একাডেমিতে যোগাযোগ পূর্বক গমন করবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে একাডেমিতে ভর্তির জন্য বিবেচিত হবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ফি প্রার্থীদের বহন করতে হবে।
- (খ) যে সকল প্রার্থী বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল/ পাবনা এবং মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য মনোনীত হয়েছে তারা স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান যেমন- (কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল/ কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা এবং প্রিন্সিপাল, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) এর অনুকূলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিয়ে আগামী ১৫/০২/২০২৬ হতে ২৪/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট একাডেমির ভর্তি সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্নের মাধ্যমে ভর্তি হবে। শুল্ক, শনিবার ভর্তির কার্যক্রম চলমান থাকবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌপরিবহন অধিদপ্তর
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬



- (গ) যে সকল প্রার্থী ২৪/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নির্বাচিত সরকারি মেরিন একাডেমিতে ভর্তি হবে না, তাদের আসন শূণ্য ঘোষণা করা হবে। উল্লেখ্য যে, ভর্তির তারিখ বর্ধিত করা হবে না বা নির্ধারিত তারিখের পর ভর্তির অনুরোধ/আবেদন গ্রহণ করা হবে না।
- (ঘ) ভর্তি প্রক্রিয়ায় একাডেমিসমূহের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিগণ প্রার্থীদেরকে সর্বাঙ্গিক সহযোগিতা করবেন।

একাডেমিসমূহের যোগাযোগের ফোন নম্বর

ক্রমিক নং	একাডেমির নাম	যোগাযোগের নম্বর
১।	বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল	01729569940, 01738986010
২।	বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা	01795194789, 01797578387
৩।	মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম	01557636857, 01617660087

একাডেমিসমূহের জন্যঃ

- (ক) সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা, প্যাথলজিক্যাল টেস্ট এর অনুমোদিত ল্যাবরেটরীর তালিকা এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য নির্দেশনা একাডেমিসমূহ তাদের স্ব স্ব ওয়েবসাইটে (macademyypabna.gov.bd, macademybarishal.gov.bd, mfacademy.gov.bd) প্রকাশ করবে।
- (খ) ক্যাডেট ভর্তির পূর্বে সংশ্লিষ্ট একাডেমি International Maritime Organization (IMO) এর protocol অনুযায়ী প্রার্থীর সুস্থতা সম্পর্কে নিশ্চিত হবে এবং ভর্তির সময় প্রার্থীর নিকট থেকে মানসিক, হাঁপানী, মৃগীসহ দীর্ঘস্থায়ী/জটিল রোগে আক্রান্ত নয় মর্মে ঘোষণাপত্র গ্রহণ করবে।
- (গ) ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত না হওয়া পর্যন্ত সরকারি মেরিন একাডেমিসমূহে শূণ্য আসন পূরণের সুবিধার্থে একাডেমির প্রধানগণ পে-অর্ডার এনক্যাশ করবেন না।
- (ঘ) প্রার্থীদের সাথে যোগাযোগের তথ্য সংরক্ষণ করতে হবে।

ক্যাপ্টেন সাঈদ আহমেদ
কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চলতি দায়িত্ব),
নৌপরিবহন অধিদপ্তর ও সদস্য সচিব
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ পরিচালনা কমিটি